

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নতুন প্রো-ভিসি নিয়োগ

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১১ জুন, ২০২৬ ২১:৩৮



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) অধ্যাপক ড. মো. সিরাজুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১১ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

ড. মো. সিরাজুল ইসলামকে ৪ বছরের জন্য এই পদে নিয়োগ দেওয়া হয়েছে।

এদিকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একই পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীনকে। তাকে আগের কর্মস্থল ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে যোগদানের অনুমতি দেওয়া হয়েছে।

এর আগে ২০২৪ সালের ১০ অক্টোবর ৪ বছরের জন্য ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীনকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি পদে নিয়োগ দেওয়া হয়েছিল।

উল্লেখ্য, অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন
ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাবেক ভিসি অধ্যাপক ড.
এমাজউদ্দীন আহমদের মেয়ে।